# মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২১/০৪/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের (BWG) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আব্দুল কাইয়ূম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| তারিখ | : | ২১/০৪/২০২৪ খ্রি. |
| সময় | : | দুপুর ১২:০০ টা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে জানান যে, গত ০৪/০৪/২০২৪ তারিখে অর্থ বিভাগ হতে বাজেট পরিপত্র-২ জারি করা হয়েছে। যার মূল লক্ষ্য রাজস্ব আদায়, সম্ভাব্য ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং আইবাসে মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার সম্ভাব্য ব্যয়সীমা নির্ধারণ। পরিপত্রে মধ্যমেয়াদী বাজেট কাঠামো পদ্ধতিতে বাজেট প্রণয়নের দ্বিতীয় পর্যায়ে মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহকে ত্রিপক্ষীয় সভায় সম্মত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমার আলোকে বিস্তারিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রয়োজনে সংশোধন/পুননির্ধারণ করতে হবে। তিনি আরও জানান, ব্যয় সন্তোষজনক না হলে সাধারণত বরাদ্দ পাওয়া যায় না। কাজেই মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহের বাজেট বরাদ্দের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে। অত:পর আলোচ্য সূচি অনুযায়ী তথ্য/উপাত্ত উপস্থাপনের জন্য তিনি উপসচিব (বাজেট) কে আহ্বান জানান।

০২। উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ হতে বাজেট পরিপত্র-২ এর আলোকে ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি এবং ব্যয়সীমার প্রক্ষেপণের নিম্নরূপভাবে সিলিং নির্ধারণ করা হয়েছে:

**রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ**

(অংকসমূহ কোটি টাকায়)

| কোড | মন্ত্রণালয়/বিভাগ | বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ১০৫.২৯ | ১১০.৫৫ | ১১৬.০৮ |

**মন্ত্রণালয়/বিভাগসমূহের জন্য ব্যয়সীমা**

(অংকসমূহ কোটি টাকায়)

| কোড | মন্ত্রণালয়/বিভাগ | ২০২৪-২৫ অর্থবছরের জন্য ব্যয়সীমা | | | | মোট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিচালন | উন্নয়ন | | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| | | | জিওবি | পিএল | উপমোট | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬=৪+৫ | ৭=৩+৬ | ৮ | ৯ |
| ১৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ১৮৯৪.৬৯ | ৬৯৭.০০ | ১৬৯৬.৯৪ | ২৩৯৩.৯৪ | ৪২৮৮.৬৩ | ৪৭১৭.৪৯ | ৫১৮৯.২৪ |

০৩। উপসচিব (বাজেট) সভাকে আরও অবহিত করেন যে, অর্থ বিভাগ থেকে জারিকৃত বাজেট পরিপত্র-২ এ রাজস্ব প্রাপ্তি ৫% এবং ব্যয়সীমা ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট এর তুলনায় ২০২৪-২৫ অর্থবছরের প্রাক্কলন ৯.৮৩% (পরিচালন ৭.৫৬% ও উন্নয়ন ১১.৬৯%) এবং অনুরূপভাবে ২০২৫-২৬ অর্থবছরে ১০% ও ২০২৬-২৭ অর্থবছরে ১০% বৃদ্ধি ধরে প্রক্ষেপণ নির্ধারণ করা হয়েছে। বাজেট পরিপত্র-২ এ বর্ণিত নীতিমালা/পদ্ধতি যথাযথভাব অনুসরণের মাধ্যমে প্রাক্কলন প্রস্তুতের নির্দেশনা রয়েছে। বাজেট পরিপত্রের নির্দেশনা এবং ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী রাজস্ব প্রাপ্তি ও ব্যয়সীমার প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রস্তুত করা হয়েছে।

০৪। রাজস্ব প্রাপ্তি এবং ব্যয়সীমার প্রাক্কলন ও প্রক্ষেপণ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দের মতামত/প্রস্তাবনা বিস্তারিত আলোচনান্তে মন্ত্রণালয়সহ অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে নিম্নরূপভাবে বন্টন/বিভাজন অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়:

**মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থার অনুকূলে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা বিভাজন**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ৩ | ৭ | ৮ | ৯ |
| সচিবালয় | ৭.৮৯ | ০.৪০ | ৫.০০ | ৬.০০ |
| মৎস্য অধিদপ্তর | ২৮৭৯.৯৬ | ২৮৬৭.৮০ | ৩১১৫.৮০ | ৩২৭১.০০ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | ৭২৫৯.৭০ | ৭৫৮৪.৬০ | ৭৮৫৩.০০ | ৮২৪৫.৮০ |
| মেরিন ফিশারিজ একাডেমী | ৬৫.০০ | ৬৬.০০ | ৭১.০০ | ৭৫.০০ |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ০.২০ | ০.২০ | ০.২০ | ০.২০ |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ১০.০০ | ১০.০০ | ১০.০০ | ১০.০০ |
| **সর্বমোট** | **১০২২২.৭৫** | **১০৫২৯.০০** | **১১০৫৫.০০** | **১১৬০৮.০০** |

০৫। এ মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুবিভাগের উপসচিব জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের জন্য জিওবি (উন্নয়ন) ৬৯৭০০.০০ লক্ষ টাকা এবং পিএল (উন্নয়ন) ১৬৯৬৯৪.০০ লক্ষ টাকা সর্বমোট ২৩৯৩৯৪.০০ লক্ষ টাকা নির্ধারিত রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ এ মন্ত্রণালয়সহ দপ্তর/সংস্থার প্রকল্পের অনুকূলে বন্টন করা হয়েছে।

০৬। মৎস্য গবেষণা ইনস্টিটিউটের প্রতিনিধি পরিচালন বাজেটে ১.০০ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের দাবী জানান। এ বিষয়ে অর্থ বিভাগের প্রতিনিধি জানান ত্রিপক্ষীয় সভার রেকর্ড নোটস এ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের অনুকূলে যে প্রাক্কলনের সুপারিশ করা হয়েছে আপাতত এর বেশী বরাদ্দের সুযোগ নেই অতিরিক্ত বরাদ্দের দাবীটি যৌক্তিকতাসহ অর্থ বিভাগের যৌক্তিকতা বৃদ্ধিকরণ সভায় উপস্থাপন করা যেতে পারে। তিনি সভাকে আরও অবহিত করেন যে, ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের প্রক্ষেপণ অবশ্যই নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। জটিলতা এড়ানোর জন্য ২৬/০৪/২০২৪ তারিখের মধ্যে iBAS++ এন্ট্রি সম্পন্নকরণ করা যেতে পারে।

০৭। এ মন্ত্রণালয়েল চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার বরাদ্দকৃত অর্থ যথাসময়ে ব্যয় করার জন্য অনুরোধ জানান। অর্থবছরের টাকা অব্যয়িত থাকলে অডিট আপত্তি উত্থাপিত হয় বলে তিনি সভাকে অবহিত করেন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের মতামত/প্রস্তাবনা বিস্তারিত আলোচনান্তে মন্ত্রণালয়সহ অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে নিম্নরূপভাবে বন্টন/বিভাজন অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়:

সভাপতি সভার উদ্দেশ্যে বলেন যে, অর্থ বিভাগ থেকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অনুকূলে পরিচালন এবং উন্নয়নের জন্য যে প্রাক্কলন ও প্রক্ষেপণ দেয়া হয়েছে আপাততঃ তার অতিরিক্ত ব্যয় বিভাজনের কোন সুযোগ নেই।

অত:পর বিস্তারিত আলোচনান্তে মন্ত্রণালয়সহ মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার অনুকূলে নিম্নরূপ পরিচালন ও উন্নয়ন বাজেটের ব্যয়সীমা তথা ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ (সম্ভাব্য বৈদেশিক ঋণ/অনুদান সহায়তার প্রক্ষেপণসহ) ব্যয়সীমা বিভাজন অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়:

**প্রাপ্ত ব্যয়সীমা মন্ত্রণালয়সহ বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে বিভাজন**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|
| | বাজেট | সংশোধিত বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
| **সচিবালয়** | | | | | |
| **মোট পরিচালন** | ৫৫২০৬.২১ | ৫৬১০৩.৬৩ | ৬০১১৪.০০ | ১৩৫২৬২.০০ | ১৬১৯৯৫.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন(জিওবি+পিএ)** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** |
| জিওবি (উন্নয়ন থোক) | ৭১৪.০০ | ০.০০ | ২৮০০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন থোক) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট থোক (জিওবি+পিএ)** | **৭১৪.০০** | **০.০০** | **২৮০০.০০** | **০.০০** | **০.০০** |
| **সর্বমোট উন্নয়ন(জিওবি+পিএল+থোক)** | **৭১৪.০০** | **০.০০** | **২৮০০.০০** | **০.০০** | **০.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৫৫৯২০.২১** | **৫৬১০৩.৬৩** | **৬২৯১৪.০০** | **১৩৫২৬২.০০** | **১৬১৯৯৫.০০** |
| **মৎস্য অধিদপ্তর** | | | | | |
| **মোট পরিচালন** | ৩৬৫৬৪.০০ | ৩৪৯২৭.৩০ | ৩৯০৫৩.০০ | ৪২৯৫৮.০০ | ১৩৯১৮৬.০০ |
| জিওবি (উন্নয়ন) | ১৯১১৬.০০ | ১৯৪২৯.০০ | **২৪০৭৫.০০** | ২৮৫৪৫.০০ | ৬৬৬.০০ |
| পিএল (উন্নয়ন) | ৬৪৯৭৪.০০ | ৩৭৩০০.০০ | **৬৭২৪৪.০০** | ৪৩৭৬.০০ | ৯০৩.০০ |
| **মোট উন্নয়ন** | **৮৪০৯০.০০** | **৫৬৭২৯.০০** | **৯১৩১৯.০০** | **৩২৯২১.০০** | **১৫৬৯.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১২০৬৫৪.০০** | **৯১৬৫৬.৩০** | **১৩০৩৭২.০০** | **৭৫৮৭৯.০০** | **১৪০৭৫৫.০০** |
| **প্রাণিসম্পদ অধিদপ্তর** | | | | | |
| **মোট পরিচালন** | ৭৮৪১৯.০০ | ৭৪৩৪০.৮৬ | ৭৮৭৩৫.০০ | ৮৬৬০৮.০০ | ১৯৮৫৪৯.০০ |
| জিওবি (উন্নয়ন) | ৪৪৫৮৬.০০ | ৪৪৯৩৬.০০ | **৩২৩৮০.০০** | ৬৪২০৩.০০ | ১৯৫.০০ |
| পিএল (উন্নয়ন) | ১০৩৫০১.০০ | ১০৩৫০১.০০ | **১০২৪৫০.০০** | ৮০৫০০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **১৪৮০৮৭.০০** | **১৪৮৪৩৭.০০** | **১৩৪৮৩০.০০** | **১৪৪৭০৩.০০** | **১৯৫.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **২২৬৫০৬.০০** | **২২২৭৭৭.৮৬** | **২১৩৫৬৫.০০** | **২৩১৩১১.০০** | **১৯৮৭৪৪.০০** |
| **মেরিন ফিশারিজ একাডেমী** | | | | | |
| **মোট পরিচালন** | ১৬০৪.০০ | ১৫১০.৮৪ | ১৬৩০.০০ | ২০৬০.০০ | ২২০০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১৬০৪.০০** | **১৫১০.৮৪** | **১৬৩০.০০** | **২০৬০.০০** | **২২০০.০০** |
| **মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর** | | | | | |
| **মোট পরিচালন** | ৬৩৭.০০ | ৬১৯.১৪ | ৬৬০.০০ | ৯২০.০০ | ৯৬০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | **০.০০** | **০.০০** | ০.০০ | ০.০০ | ০.০০ |

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|
| | বাজেট | সংশোধিত বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৬৩৭.০০** | **৬১৯.১৪** | **৬৬০.০০** | **৯২০.০০** | **৯৬০.০০** |
| **বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট** | | | | | |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | **৪২৩২.০০** | **৪১৬২.৩১** | **৪৫৫০.০০** | **৬০৭০.০০** | **৭০০০.০০** |
| জিওবি (উন্নয়ন) | ৪৬০০.০০ | ৩৯৩৭.০০ | **৪২০০.০০** | ১৮০৪.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **৪৬০০.০০** | **৩৯৩৭.০০** | **৪২০০.০০** | **১৮০৪.০০** | **০.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৮৮৩২.০০** | **৮০৯৯.৩১** | **৮৭৫০.০০** | **৭৮৭৪.০০** | **৭০০০.০০** |
| **বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট** | | | | | |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | **৪৪৪৩.০০** | **৪৩১৫.৫০** | **৪৫৫৭.০০** | **৬২৩০.০০** | **৭০০০.০০** |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৪৪৪৩.০০** | **৪৩১৫.৫০** | **৪৫৫৭.০০** | **৬২৩০.০০** | **৭০০০.০০** |
| **বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল** | | | | | |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | **১৬৮.০০** | **১৬৮.০০** | **১৭০.০০** | **২৫০.০০** | **২৭০.০০** |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১৬৮.০০** | **১৬৮.০০** | **১৭০.০০** | **২৫০.০০** | **২৭০.০০** |
| **বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন** | | | | | |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | **০.০০** | **০.০০** | ০.০০ | ০.০০ | ০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ৫২২৪.০০ | ৫২২৪.০০ | **৬২৪৫.০০** | ১১৯৬৩.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **৫২২৪.০০** | **৫২২৪.০০** | **৬২৪৫.০০** | **১১৯৬৩.০০** | **০.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৫২২৪.০০** | **৫২২৪.০০** | **৬২৪৫.০০** | **১১৯৬৩.০০** | **০.০০** |
| | | | | | |
| **সর্বমোট (পরিচালন)** | **১৮১২৭৩.২১** | **১৭৬১৪৭.৫৮** | **১৮৯৪৬৯.০০** | **২৮০৩৫৮.০০** | **৫১৭১৬০.০০** |
| **মোট জিওবি (উন্নয়ন)** | **৭৪২৪০.০০** | **৭৩৫২৬.০০** | **৬৯৭০০.০০** | **১০৬৫১৫.০০** | **৮৬১.০০** |
| **মোট পিএল (উন্নয়ন)** | **১৬৮৪৭৫.০০** | **১৪০৮০১.০০** | **১৬৯৬৯৪.০০** | **৮৪৮৭৬.০০** | **৯০৩.০০** |
| **সর্বমোট উন্নয়ন (জিওবি+পিএল)** | **২৪২৭১৫.০০** | **২১৪৩২৭.০০** | **২৩৯৩৯৪.০০** | **১৯১৩৯১.০০** | **১৭৬৪.০০** |
| **সর্বমোট (পরিচালন+উন্নয়ন)** | **৪২৩৯৮৮.২১** | **৩৯০৪৭৪.৫৮** | **৪২৮৮৬৩.০০** | **৪৭১৭৪৯.০০** | **৫১৮৯২৪.০০** |

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০৮। **সিদ্ধান্তসমূহ:**

ক) বাজেট পরিপত্র-২ এ ধার্যকৃত সিলিং এর আলোকে ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও ব্যয়সীমার প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও ব্যয়সীমার প্রক্ষেপণ সম্বলিত প্রণীত বিভাজন অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়;

খ) এ মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং বাজেটের উন্নয়ন সংক্রান্ত অংশের সম্মতি ও প্রকল্প সাহায্য অংশের বরাদ্দ বিষয়ে পরিকল্পনা কমিশন ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এর সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবে;

গ) বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার সিদ্ধান্তসমূহ বিএমসি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে।

ঘ) ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের প্রক্ষেপণসমূহ আগামী ২৬/০৪/২০২৪ তারিখের মধ্যে iBAS++ এন্ট্রি সম্পন্নকরণ এবং হার্ড কপি এ মন্ত্রণালয়ে বাজেট অধিশাখায় প্রেরণ করতে হবে।

০৯। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/04/2024

মোঃ আব্দুল কাইয়ূম
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
সভাপতি, বাজেট ওয়ার্কিং গ্রুপ